

সি.এম.এ. ৩৩

সেমসের উদ্যোগে বসুন্ধরা সিটিতে বৃহত্তম শিক্ষামেলা এডিম এক্সপো শুরু হচ্ছে

স্টাফ রিপোর্টার : যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা ও সাম্প্রতিককালের সঠিক ক্যারিয়ার বিষয়ক বিভিন্ন সুযোগ-সুবিধা শিক্ষার্থী ও সাধারণ মানুষের মাঝে উপস্থাপনের উদ্দেশ্যে কনফারেন্স এ্যান্ড এডুকেশন ম্যানেজমেন্ট সার্ভিসেস (সেমস) সিমিটেড বৃহত্তম শিক্ষা প্রদর্শনী এডিম এক্সপো-২০০৭ আয়োজন করতে যাচ্ছে। আগামী ১২ জুলাই '০৭ থেকে ১৬ জুলাই '০৭ পর্যন্ত পাঁচ দিনব্যাপী দেশের বৃহত্তম এই শিক্ষামেলা চলবে। বসুন্ধরা সিটির ৭র্থ ফেডেলে এই মেলা অনুষ্ঠিত হবে। সোমবার ঢাকার একটি হোটেল সংবাদ সম্মেলনের মাধ্যমে সেমসের ব্যবস্থাপনা পরিচালক মিসেস মেহেতুন এন ইসলাম এই ঘোষণা দেন। এই সময় সেখানে উপস্থিত ছিলেন পরিচালক সাহিদ এস সাবোয়ার ও ব্যবস্থাপক অধির সরকার ডেভিড। সংবাদ সম্মেলনে তারা বলেন, সপ্তম বারের মতো অনুষ্ঠিত এই মেলায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের তাইস চ্যান্সেলর প্রফেসর এসএমএ ফারুক প্রধান অতিথি হিসেবে মেলার উদ্বোধন করবেন। সপ্তমবারের মতো অনুষ্ঠিত এই মেলায় দেশে ও দেশের বাইরের ৭০টিরও বেশি বিশ্ববিদ্যালয়, কলেজ, ফ্যানশন শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে। সপ্তমটি বিষয়ে সেবাপ্রদানকারী ৯০টিরও বেশি ষ্টলে তাদের সেবা প্রদানের দিকনির্দেশনা দেবে। সংবাদ সম্মেলনে বলা হয়েছে, মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো ছাত্রছাত্রী ও চাকরিজীবীদের সঙ্গে যোগাযোগ স্থাপন করার জন্য এটি হবে একটি সুবর্ণ সুযোগ এবং সর্বোৎকৃষ্ট প্রাটফর্ম। ফলে মেলা প্রায়শই তারা আশ্রয়ী ও যোগ্য প্রার্থীদের সাক্ষাতকার ও স্পট এ্যান্ডমিশন সম্পন্ন করতে পারবেন। মেলায় প্রবেশের জন্য ১০ টাকার এন্ট্রি ফী প্রয়োজন পড়বে তবে নীল শার্ট পরলে তা পরকার হবে না বলে মিসেস মেহেতুন জানান। তারা বলেন, এই মেলায় মাধ্যমে আশ্রয়ীপণ উবিষাতে দেশের বাইরে গিয়ে উচ্চ শিক্ষা ও চাকরির সুবিধা পাবেন।